

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৯.১৯-৩৬৬

তারিখ- ১০/০৪/২০১৯খ্রিঃ।

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ রীট পিটিশন নং ১৩৭৯৩/২০১৮

আপনি জনাব মোঃ আব্দুল হান্নান, ক্রাফট ইন্সট্রাক্টর (টুলস), সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট গত ০৪/১১/২০১৮খ্রিঃ তারিখে মহামান্য হাইকোর্টে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে রিট পিটিশন নং-১৩৭৯৩/২০১৮ দায়েরের উদ্দেশ্যে হলফনামায় স্বাক্ষর করেন এবং ১১/০২/২০১৯খ্রিঃ তারিখে মামলাটির শুনানী অনুষ্ঠিত হয়। সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর হাজিরা খাতা পর্যালোচনায় দেখা যায়, আপনি ঐ দিন অর্থাৎ গত ০৪/১১/২০১৮খ্রিঃ তারিখে ১ম এবং ২য় শিফটে প্রতিষ্ঠানে উপস্থিত ছিলেন মর্মে হাজিরা খাতায় স্বাক্ষর করেছেন।

২। গত ৪/১১/২০১৮খ্রিঃ তারিখে আদালতের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে হলফনামা দাখিল করতে আপনাকে কমপক্ষে ১ (এক) দিন পূর্বে সিলেট হতে রওনা দিতে হয়েছে। এছাড়া মামলার কাগজপত্র সংগ্রহ/দাখিল এবং মামলার শুনানীর দিন উপস্থিত থাকা সহ অন্যান্য কার্যক্রম গ্রহণেও বেশ কয়েকদিন সময় ব্যয় হওয়ার কথা।

৩। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ এবং কর্মস্থলে অনুপস্থিত থেকেও হাজিরা খতায় স্বাক্ষর করা চরম অসদাচরণের সামীল।

৪। এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবস এর মধ্যে অধ্যক্ষের মাধ্যমে যথাযথ জবাব দাখিলের জন্য বলা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

অতিরিক্ত সচিব ও পরিচালক(পিআইডব্লিউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর

প্রাপকঃ

জনাব মোঃ আব্দুল হান্নান

ক্রাফট ইন্সট্রাক্টর (টুলস)

সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০০৯.১৯-৩৬৬(৩)

তারিখ- ১০/০৪/২০১৯খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট। (সংশ্লিষ্ট কর্মচারী কর্মস্থলে অনুপস্থিত থেকে কিভাবে ১ম ও ২য় শিফটে হাজিরা খাতায় স্বাক্ষর করেছে এ বিষয়ে একটি প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করা হলো।)
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৪। সংরক্ষণ নথি।



(নাজমুন নাহার)

সহকারী পরিচালক-৩

কারিগরি শিক্ষা অধিদপ্তর

ফোন-০২-৮১৮১২২৫